# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** রফিকদের পরিবারে বাবা-মা তিন ভাইবোন। পরিবারের অনেক গুরুত্বপূর্ণ কাজ তারা পরামর্শের মাধ্যমে করেন। পরিবারের বড়রা ছোটদের প্রয়োজন পূরণ করেন। ছোটরা বড়দের প্রতি অনুগত থাকে।

ক. বৈবাহিক সূত্রের ভিত্তিতে পরিবার কত প্রকার? ১

খ. রাষ্ট্রের একটি উপাদান হিসেবে নির্দিষ্ট ভূখণ্ড সম্পর্কে ধারণা দাও? ২

গ. উদ্দীপকে রফিকদের পরিবারে কোন কাজ প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিবারে এ ছাড়া আরও অনেক কাজ রয়েছে বিশ্লেষণ কর। ৪

**২.▶** ইমতিয়াজ উচ্চ শিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গমন করেন। শিক্ষা শেষ করে তিনি সে দেশের এক নাগরিককে বিয়ে করেন। তিনি যুক্তরাষ্ট্রে ব্যবসা শুরু করেন এবং নিয়মিত ও সময়মতো কর প্রদান করেন।

ক. নাগরিকতা অর্জনে কয়টি পদ্ধতি রয়েছে? ১

খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝায়? ২

গ. ইমতিয়াজ কোন সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ইমতিয়াজের সময়মতো কর প্রদান সুনাগরিকের একটি বিশেষ গুণকে নির্দেশ করে"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৩.▶** আবির তার দাদার কাছে স্বাধীনতা সম্পর্কে জানতে চাইলে উত্তরে তিনি বলেন, স্বাধীনতার অর্থ যা খুশী তা করা বা স্বেচ্ছাচারিতা নয়। স্বাধীনতা বলতে খুশীমতো কাজ করাকে বোঝায় যদি, উক্ত কাজের দ্বারা অন্যের অনুরূপ কাজে বাধা সৃষ্টি করা না হয়। অর্থাৎ অন্যের ক্ষতি না করে নিজের অধিকার প্রতিষ্ঠা করা। তিনি আরও বলেন যে, স্বাধীনতার বিভিন্ন রূপ রয়েছে।

ক. স্বাধীনতা কাকে বলে? ১

খ. সাম্য বলতে কী বোঝ? ২

গ. আইন ও স্বাধীনতার মধ্যে সম্পর্ক বর্ণনা কর। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকের আবিরের দাদুর বক্তব্যের প্রেক্ষাপটে স্বাধীনতার বিভিন্ন রূপ বিশ্লেষণ কর। ৪

**৪.▶** শচিন 'ক' রাষ্ট্রের নাগরিক। তাদের দেশে কেন্দ্রীয় সরকারের চাপ কম। অনেক ক্ষমতা ও দায় দায়িত্ব প্রদেশের মধ্যে ছেড়ে দিয়েছে। ফলে তারা আঞ্চলিক সমস্যা সহজে সমাধান করতে পারে। কেন্দ্রীয় সরকার স্বেচ্ছাচারী হওয়ার সুযোগ পায় না।

ক. ক্ষমতা বন্টনের নীতিতে সরকার কয় প্রকার? ১

খ. সর্বদলীয় সরকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে শচিনের 'ক' রাষ্ট্রে কী ধরনের সরকার ব্যবস্থা চালু আছে। বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকের সুবিধাগুলো সত্ত্বেও এ ধরনের সরকার ব্যবস্থায় অনেক অসুবিধা রয়েছে কথাটি— বিশ্লেষণ কর। ৪

**৫.▶** সাফি দুটি দেশের সংবিধান পর্যালোচনা করে দেখতে পায়, 'ক' দেশের সংবিধান লিখিত আর 'খ' দেশের সংবিধান অলিখিত। এ দুটি দেশের সংবিধানের বৈশিষ্ট্য ভিন্ন প্রকৃতির।

ক. বাংলাদেশের সংবিধান কত সালে গৃহীত হয়েছে? ১

খ. দুষ্পরিবর্তনীয় সংবিধান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাফির পর্যালোচনা করা 'ক' দেশের সংবিধানের বৈশিষ্ট্য নিরূপণ কর। ৩

ঘ. 'খ' দেশের সংবিধানের সাথে 'ক' দেশের সংবিধানের তুলনামূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

**৬.▶** 'ক' ব্যক্তি একটি দেশের সরকার প্রধান। তাকে কেন্দ্র করেই শাসনকার্য পরিচালিত হয়। তিনি তার দলের নেতা। তার সরকারের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত 'খ' ব্যক্তি তার পরামর্শ অনুযায়ী দেশের গুরুত্বপূর্ণ পদের ব্যক্তিদের নিয়োগ দান করেন। কিন্তু 'খ' ব্যক্তি সর্বোচ্চ আদালতে শাস্তিপ্রাপ্ত দণ্ড মওকুফ করতে পারলেও 'ক' ব্যক্তি তা পারেন না।

ক. বাংলাদেশের সর্বোচ্চ আদালতের নাম কী? ১

খ. রাষ্ট্রের হৃৎপিণ্ড বলা হয় কাকে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'খ' ব্যক্তির কাজের ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'ক' ব্যক্তি রাষ্ট্রের শাসনব্যবস্থার মধ্যমণি— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

৭.▶ জনাব 'x' গত দশম জাতীয় সংসদ নির্বাচনে একটি রাজনৈতিক দলের প্রার্থী হিসেবে নির্বাচনে অংশগ্রহণ করেন। নির্বাচনি প্রচারকালে তার কর্মীরা বিভিন্ন সময় বিরোধী পক্ষের পোস্টার, ব্যানার, ইত্যাদি নষ্ট করে তার পোস্টার ব্যানার ইত্যাদি লাগায়। এবং অন্য প্রার্থীদের সম্পর্কে মিথ্যা অভিযোগ করেন। নিজের এলাকায় তিনি অত্যন্ত প্রভাবশালী হওয়ার জন্য অন্য প্রার্থীরা তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারেননি।

ক. আওয়ামী লীগ প্রথম কী নামে প্রতিষ্ঠিত হয়েছিল? ১

খ. আধুনিক গণতন্ত্রে নির্বাচনের প্রধান একটি গুরুত্ব বর্ণনা কর। ২

গ. জনাব 'x' কীভাবে আচরণবিধি লঙ্ঘন করেছেন? ৩

ঘ. উপরিউক্ত আচরণের জন্য 'x' এর শাস্তি হওয়া উচিত এ বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ জনাব সাইফুল ইসলাম একটি স্থানীয় সরকার ব্যবস্থার চেয়ারম্যান। তার অধীনে রয়েছেন নয়জন পুরুষ সদস্য ও তিনজন মহিলা সদস্য। তারা এলাকার উন্নয়ন ও শান্তি শৃঙ্খলা রক্ষার কাজ করে থাকেন।

ক. দেশে মোট কতটি উপজেলা পরিষদ আছে? ১

খ. পৌরসভা কীভাবে তার ব্যয়ভার বহন করে? ২

গ. উদ্দীপকে জনাব সাইফুল ইসলাম কোন ধরনের স্থানীয় সরকার ব্যবস্থার অংশ? নিরূপণ কর। ৩

ঘ. এলাকার উন্নয়নে জনাব সাইফুল ইসলামের পরিষদ বহুমুখী ভূমিকা পালন করে থাকে, কথাটি বিশ্লেষণ কর। ৪

৯.▶ ক এর বাসা নদীর তীরে। তার বাসার পাশে অনেক আবাদি জমি। সে সেখানে ফসল আবাদ করে। ভালো ফসল পাওয়ার আশায় সে জমিতে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করে। যা বৃষ্টির পানিতে ধুয়ে নদীতে মেশে।

ক. খাদ্য নিরাপত্তা কী? ১

খ. সন্ত্রাস কী? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' এর কর্মকাণ্ডে পরিবেশের কী ধরনের বিপর্যয় হচ্ছে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিপর্যয় রোধে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে? ৪

https://teachingbd24.com

১০.▶ নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. ভাষা আন্দোলন শুরু হয় কত সালে? ১

খ. ভাষা আন্দোলনের দাবি কীভাবে সোচ্চার হয়েছিল? ২

গ. চিত্রের মর্মার্থ বিবেচনা করে ভাষা আন্দোলনের চূড়ান্ত রূপ সম্পর্কে তোমার ধারণা তুলে ধর। ৩

ঘ. ভাষা আন্দোলন বাঙালি জাতির চরম ত্যাগ, অসীম সাহসিকতার ও পরম প্রাপ্তির ইতিহাস চিত্রের পরিপ্রেক্ষিতে মূল্যায়ন কর। ৪

১১.▶




ক. শুরুতে জাতিসংঘের সদস্য সংখ্যা কত ছিল? ১

খ. জাতিসংঘের সাধারণ পরিষদের গঠন সম্পর্কে বুঝিয়ে লেখ। ২

গ. সংস্থাটির সদস্যভুক্ত দেশ ভারত ও পাকিস্তানের মধ্যে পারস্পরিক সম্পর্কে উন্নয়নে বাংলাদেশ কী ভূমিকা রাখতে পারে? ৩

ঘ. দক্ষিণ এশিয়ার শান্তি স্থাপনে এই সংস্থার ভূমিকা মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    বিষয় কোড: ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোথায় নাগরিক ও নাগরিকতার ধারণার প্রথম উদ্ভব হয়?**

ক) প্রাচীন গ্রিসে খ) আধুনিক গ্রিসে
গ) ইতালিতে ঘ) ইংল্যান্ডে

**২. বঙ্গভঙ্গ কত সালে হয়েছিল?**

ক) ১৯০৫ সালে খ) ১৯০৬ সালে
গ) ১৯০৯ সালে ঘ) ১৯০৭ সালে

**৩. দিদার বিশ্বাস একজন সংসদ সদস্য। তিনি দেশের যে ক্ষেত্রে অবদান রাখেন—**

i. আইন বিভাগে
ii. শাসন বিভাগে
iii. বিচার বিভাগে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৪. রাজনৈতিক অধিকার কোন জাতীয় অধিকার?**

ক) নৈতিক অধিকার
খ) সামাজিক অধিকার
গ) আইনগত অধিকার
ঘ) ব্যক্তিগত অধিকার

**৫. নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা কত?**

ক) ৫ খ) ৬
গ) ৮ ঘ) ৯

**৬. ড. হাফিজ একটি দেশের রাষ্ট্রপ্রধান। তিনি রাষ্ট্র পরিচালনায় কোন আইন প্রয়োগ করেন?**

ক) বেসরকারি আইন
খ) সাংবিধানিক আইন
গ) ফৌজদারি আইন
ঘ) আন্তর্জাতিক আইন

**৭. 'কমেনটরিজ অন দ্যা লজ অব ইংল্যান্ড' গ্রন্থটির রচয়িতা কে?**

ক) ব্লাকস্টোন খ) ডাইসি
গ) ক্লাইভ ঘ) ডালহৌসি

**৮. আধুনিককালে নগররাষ্ট্রের স্থলে কোন ধরনের রাষ্ট্র সৃষ্টি হয়েছে?**

ক) জাতীয় রাষ্ট্র খ) ক্ষুদ্র রাষ্ট্র
গ) বৃহৎ রাষ্ট্র ঘ) গোত্র রাষ্ট্র

**৯. বাংলাদেশ বিভিন্ন সমস্যায় জর্জরিত। এর সাথে সাদৃশ্য রয়েছে—**

i. দারিদ্র্য
ii. নিরক্ষরতা
iii. অপুষ্টি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. সংসদীয় ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ কোনটি?**

ক) বিরোধী দল খ) মন্ত্রিসভা
গ) প্রধানমন্ত্রী ঘ) আইন তৈরি

**১১. সেনাবাহিনীর প্রাক্তন সদস্যদের দ্বারা একটি দল গঠিত হয়। দলটি সমর্থন করে—**

ক) জাসদকে
খ) বিএনপিকে
গ) আওয়ামী লীগকে
ঘ) জামায়াতকে

**১২. আফসার বলেন, 'জনমত হলো সমাজের বিভিন্ন মতের ক্রিয়া-প্রতিক্রিয়ার ফল।'— এ উক্তিটির সাথে কার বক্তব্যের সাদৃশ্য রয়েছে?**

ক) জিন্সবার্গের খ) ম্যাকাইভারের
গ) জন লকের ঘ) সরোকিনের

**১৩. মহানগর এলাকায় ঘরবাড়ি নির্মাণের অনুমতি প্রদান করে—**

ক) সিটি কর্পোরেশন
খ) জেলা পরিষদ
গ) উপজেলা পরিষদ
ঘ) ইউনিয়ন পরিষদ

**১৪. রাষ্ট্র সৃষ্টির সর্বাধিক জনপ্রিয় ও সবচেয়ে ফলপ্রসূ মতবাদ কোনটি?**

ক) সামাজিক চুক্তি মতবাদ
খ) ঐশী মতবাদ
গ) বলপ্রয়োগ মতবাদ
ঘ) ঐতিহাসিক মতবাদ

Teachingbd24.com

১৫. **কোনটি গণতন্ত্রের ভিত্তিরূপে কাজ করে?**

ক নাগরিক অধিকার খ নির্বাচন
গ সাম্য ও স্বাধীনতা ঘ আইন

১৬. **Liberty কোন শব্দ থেকে এসেছে?**

ক গ্রিক শব্দ খ ফরাসি শব্দ
গ জার্মানি শব্দ ঘ ল্যাটিন শব্দ

১৭. **বাংলাদেশ সিভিল সার্ভিসের সদস্য কে?**

ক মেয়র খ জেলা প্রশাসক
গ কমিশনার ঘ কাউন্সিলর

১৮. **বাঙালিরা দীর্ঘ সংগ্রাম করেছে কেন?**

ক ক্ষমতার জন্য খ অর্থের জন্য
গ ধর্মের জন্য ঘ গণতন্ত্রের জন্য

১৯. **অধস্তন আদালতে কোন ধরনের মামলা পরিচালনা করা হয়?**

ক ব্যবসায়িক মামলা
খ অর্থসংক্রান্ত মামলা
গ ফৌজদারি মামলা
ঘ মানহানি মামলা

২০. **'যেখানে আইন থাকে না, সেখানে স্বাধীনতা থাকতে পারে না'— উক্তিটি কার?**

ক লর্ড কার্জনের খ উইলোবির
গ জন লকের ঘ এরিস্টটলের

২১. **আত্মসংযমের মাধ্যমে কোনটি জাগ্রত হয়?**

ক গণতান্ত্রিক মূল্যবোধ খ বুদ্ধি
গ বিবেক ঘ সম্প্রীতি

২২. **রাষ্ট্রীয় কাজে অংশগ্রহণ, চলাফেরা ও জীবনধারণের জন্য সাম্যভিত্তিক সমাজ গঠন অসম্ভব—**

i. রাজনৈতিক স্বাধীনতা ছাড়া
ii. সামাজিক স্বাধীনতা ছাড়া
iii. অর্থনৈতিক স্বাধীনতা ছাড়া

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. **মুজিবনগর সরকার কোথায় গঠন করা হয়?**

ক ঢাকা জেলার গাজীপুরে
খ মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার আম্রকাননে
গ চট্টগ্রামের বেতবুনিয়ায়
ঘ কুমিল্লার শালবনে

২৪. **যে কারণে রাজনৈতিক সাম্য প্রতিষ্ঠিত হয়, তা হলো—**

i. ভোটাধিকার
ii. স্বাধীন মত প্রকাশ
iii. সরকারি চাকরি লাভের সমান সুযোগ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. **নাবালকের অভিভাবক নিয়োগ কোন বিভাগের কাজ?**

ক আইন বিভাগের খ বিচার বিভাগের
গ শাসন বিভাগের ঘ পুলিশ বিভাগের

২৬. **সার্ক কী?**

ক আন্তর্জাতিক সংস্থা খ আঞ্চলিক সংস্থা
গ স্বেচ্ছাসেবী সংস্থা ঘ অনুমোদিত সংস্থা

২৭. **কোন সরকারের গঠনপ্রণালি জটিল প্রকৃতির?**

ক এককেন্দ্রিক সরকার
খ যুক্তরাষ্ট্রীয় সরকার
গ রাষ্ট্রপতি শাসিত সরকার
ঘ সংসদীয় সরকার

২৮. **কত সালে রাজনৈতিক দলগুলো সামরিক সরকারকে হটিয়ে গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা করে?**

ক ১৯৮৮ সালে খ ১৯৯০ সালে
গ ১৯৯২ সালে ঘ ১৯৯৪ সালে

২৯. **সিডও সনদের মূল বৈশিষ্ট্য হলো—**

i. নারী অধিকারের পূর্ণাঙ্গ দলিল
ii. নারীর প্রতি বৈষম্যের প্রতিবন্ধক
iii. নারীর আইনগত অধিকার নিশ্চিত করে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. **বাংলাদেশের সংবিধানে কয়টি তফসিল রয়েছে?**

ক চারটি খ পাঁচটি
গ ছয়টি ঘ সাতটি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

https://teachingbd24.com